

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 23-01-2026

Time : 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

NATIONAL PARAKRAM DIWAS :

নেতাজি সুভাষ চন্দ্র বসুর ১২৯তম জন্মবার্ষিকী উপলক্ষে কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক আজ থেকে আনন্দামান ও নিকোবর দ্বীপপুঁজি পরামর্শ দিবস-২০২৬ আয়োজন করছে। স্বাধীনতা সংগ্রামী বসুর জীবন ও গৃহিতের সাথে সম্পর্কিত দেশের আরও ১৩টি স্থানে এই উদযাপন অনুষ্ঠিত হবে। এই দিবসে তাঁর সাহস, ত্যাগ এবং দেশপ্রেমের চিরন্তন উত্তরাধিকারকে সম্মান জানানো হবে। মন্ত্রক জানিয়েছে, এই উদযাপনে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং রাষ্ট্রীয় নাট্য বিদ্যালয়ের নাট্য পরিবেশনা থাকবে।

এদিকে, রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় এই দিবস পালনের অঙ্গ হিসেবে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মূল অনুষ্ঠান আগরতলার নেতাজি সুভাষ বিদ্যানিকেতন প্রাঙ্গন থেকে চিরাচরিত ধারায় সকালবেলা শোভাযাত্রার বর্ণময় আয়োজনের মাধ্যমে হবে বলে জানা গেছে।

Saraswati Puja :

বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর পূজার্চনা আয়োজনে ব্যস্ততা রাজ্যজুড়ে। শ্রীপঞ্চমী তিথি অনুযায়ী আজ বাগদেবীর পুজা। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, বাড়ি,

ক্লাব, সংস্থায় দেবী সরস্বতী পূজা হতে যাচ্ছে। সরস্বতী পূজাকে কেন্দ্র করে বিশেষত ছোট ছোট ছেলেমেয়েদের মধ্যে বিপুল উৎসাহ লক্ষ্য করা গেছে। রাজ্যের জাতি-জনজাতি উভয় অংশের জনগনই সরস্বতী পূজায় মেতে ওঠেন প্রতি বছর। আকাশবাণী আগরতলা কেন্দ্রেও আজ সরস্বতী পূজা অনুষ্ঠিত হচ্ছে।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরালা সফর করবেন। এই সফরে শ্রী মোদী তিরুবনন্তপুরমে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন এবং জনসমাবেশে ভাষণ দেবেন।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশকে শক্তিশালী করতে হলে ছেলেমেয়েদের নৈতিক শিক্ষায় শিক্ষিত করতে হবে। গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে সংখ্যালঘু কল্যাণ দপ্তর আয়োজিত সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষার্থীদের মেধা পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বঙ্গব্য রাখতে গিয়ে একথা বলেন। তিনি বলেন ভারতবর্ষের প্রত্যেকটি নগরিকের কল্যাণ কেন্দ্র ও রাজ্য সরকারের দায়িত্ব। তিনি বলেন, সমাজের সকল স্তরের মানুষের সহযোগিতায় রাজ্যের উন্নয়ন তরান্তিত হবে।

Jyotiraditya Scindia :

কেন্দ্রীয় উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিংহিয়া আজ তিনি দিনের রাজ্য সফরে আসছেন। বিকেলে তিনি আগরতলার রবীন্দ্রশতবর্ষিকী ভবনে ডোনার মন্ত্রকের আর্থিক সহায়তায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস করবেন। পরে আগরতলা আইজিএম হাসপাতালে মা ও শিশুদের স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে খোঁজ নেবেন। তাছাড়া, আগরতলা ডেন্টাল কলেজ পরিদর্শনের কথা রয়েছে তাঁর। আজ সন্ধ্যায় মাতা ত্রিপুরাসুলুরী মন্দিরে পুজো দেবেন তিনি।

CEC- Bilateral :

দেশের প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, নির্বাচন কমিশনার ডঃ সুখবীর সিং সাঙ্গু এবং ডঃ বিবেক যোশীর সঙ্গে গতকাল ৩২টি নির্বাচন ব্যবস্থাপনা সংস্কার প্রধানদের সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। ভারত আন্তর্জাতিক গণতন্ত্র ও নির্বাচন ব্যবস্থাপনা সম্মেলন-২০২৬-এর ফাঁকে দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়। দ্বিপাক্ষিক বৈঠকে বিশ্বব্যাপী নির্বাচনী অভিজ্ঞতা এবং উন্নাবনের বিস্তৃত পরিসর নিয়ে আলোচনা করা হয়।

NSD RANGMOHOTSAV :

গ্যাশনাল স্কুল অফ ড্রামা (NSD) ঘোষণা করেছে যে ভারত রঙ মহোৎসব (BRM)-এর ২৫তম সংস্করণ - ভারতের আন্তর্জাতিক থিয়েটার উৎসব এই মাসের ২৭ তারিখ থেকে দিল্লি এবং ভারতের অন্যান্য শহরে অনুষ্ঠিত হবে। এই বছরের উৎসবের থিম হল সংবাদ, সংস্কৃতিয়োঁ কা। গতকাল নয়াদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে গ্যাশনাল স্কুল অফ ড্রামার নির্দেশক চিত্রঞ্জন ত্রিপাঠী

বলেন, BRM নৃত্য-নাট্যের ধরণ, পুতুল নাট্য এবং গ্রিতিহ্বাহী নাট্যরূপ সহ বিভিন্ন ধরণের পরিবেশনা এই উৎসবে অন্তর্ভুক্ত থাকবে।

Indian Army :

সেনাবাহিনীর প্রতি ছাত্রছাত্রীদের আকর্ষণ বাড়াতে ও তাদের দেশসেবায় উদ্বৃদ্ধ করতে ভারতীয় সেনাবাহিনীর উদ্দেয়াগে গতকাল আগরতলার এলবার্ট এক্সা মেমোরিয়াল পার্কে অন্তর্শন্ত্র প্রদর্শন করা হয়। সৈনিক স্কুল ও কেন্দ্রীয় বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সেনা জওয়ানদের তত্ত্ববধানে অত্যাধুনিক স্লাইপার রাইফেল, ড্রোন ইন্টারসেপ্টর ও এন্টি ট্যাংক মিসাইল লঞ্চার পরিচালন পদ্ধতি সম্বন্ধে অবগত হয়। এছাড়াও কুয়াজ অনুষ্ঠিত হয়।

Tribal Folk Dance :

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে দক্ষিণ জেলাভিত্তিক উপজাতি লোকনৃত্য প্রতিযোগিতা গতকাল বিলোনিয়ার অগ্নিবীণা হলে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় সেরা দল হয়েছে সাক্রমের মগ জনগোষ্ঠীর গ্রিতিহ্বাহী সাংগ্রাহ নৃত্য দল। জেলার তিনটি মহকুমা থেকে তিনটি লোকনৃত্য দল অংশ নেয় প্রতিযোগিতায়।

Left front :

বামপন্থী কৃষক ও শ্রমিক সংগঠনগুলির ডাকে গতকাল দক্ষিণ জেলার পতিছড়ি ভ্রমণে এক সম্মেলনে সিটুর রাজ্য সভাপতি মানিক দে, সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্ত প্রমুখ বক্তব্য রাখেন। নেতৃবৃন্দ আগামী ১২ই ফেব্রুয়ারি সংযুক্ত কিষাণ মোর্চা সহ পাঁচশোর বেশি কৃষক সংগঠন, ১০ টি ট্রেড ইউনিয়ন এবং ফেডারেশন সমূহের যৌথ মঞ্চ আহুত দেশব্যাপী সাধারণ ধর্মঘটের সমর্থনে বক্তব্য রাখেন।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিত্তি চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

WEATHER :

আবহাওয়া দপ্তর জানিয়েছে, আজ ভোরের দিকে কুয়াশা থাকলেও পরে আকাশ প্রধানত পরিষ্কার থাকবেসর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ২৮ ডিগ্রী এবং ১২ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ ডিগ্রী সেলসিয়াস।
